



বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
www.sonargaonmuseum.gov.bd

স্মারক নং-৪৩.২৮.০০০০.১১১.১৮.১.২০১৯/৪

তারিখ : ০৭.০৭.২০১৯ খ্রি:

ইজারার বিজ্ঞপ্তি:

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন থেকে কাঠের নৌকা (দেশীয় বিভিন্ন প্রকারের দু'টি করে ১২টি নৌকা) কার্যাদেশের তারিখ থেকে ৩০ জুন ২০২০ মেয়াদে ফাউন্ডেশনের লেকে পরিচালনার লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের কাছ থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপ্রস্তাব আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, ১ম বার কাজিত দর পাওয়া না গেলে ২য় বার দরপত্র আহবান; ২য় বার কাজিত দর পাওয়া না গেলে ৩য় বার দর আহবানের কার্যক্রম চলবে। এ জন্য পুণরায় বিজ্ঞপ্তি প্রদান করা হবে না। ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী ও তথ্য বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জের হিসাব শাখা থেকে জানা যাবে। দরপত্র সমূহ নিম্নের নির্দিষ্ট তারিখ ও সময়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

দরপত্র ফরম (সিডিউল) ক্রয় ও দাখিলের স্থানঃ (ক) বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন কার্যালয়, সোনারগাঁও, নারায়ণগঞ্জ
(খ) জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
(গ) পুলিশ সুপারের কার্যালয়, নারায়ণগঞ্জ।

প্রস্তাব দাখিল ও খোলার সময়সূচী নিম্নরূপ:

ক্র:নং	ইজারার নাম	১ম বারের দরপত্র		২য় বারের দরপত্র		৩য় বারের দরপত্র	
ক	কাঠের নৌকা (দেশীয় বিভিন্ন প্রকারের) ইজারা-সম্ভাব্য ইজারা মূল্য টাকা: ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার)	বিক্রয়ের তারিখ ও সময়	দাখিলের তারিখ ও সময়	বিক্রয়ের তারিখ ও সময়	দাখিলের তারিখ ও সময়	বিক্রয়ের তারিখ ও সময়	দাখিলের তারিখ ও সময়
		বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৩.০৭.২০১৯ পর্যন্ত (অফিস চলাকালীন)	১৪.০৭.২০১৯ তারিখ বেলা ১:০০ টা পর্যন্ত খোলার সময়: ১:১৫ টায় (অফিস চলাকালীন)	১৬.০৭.২০১৯ থেকে ২০.০৭.২০১৯ পর্যন্ত (অফিস চলাকালীন)	২১.০৭.২০১৯ তারিখ বেলা ১:০০ টা পর্যন্ত খোলার সময়: ১:১৫ টায় (অফিস চলাকালীন)	২৩.০৭.২০১৯ থেকে ২৭.০৭.২০১৯ পর্যন্ত (অফিস চলাকালীন)	২৮.০৭.২০১৯ তারিখ বেলা ১:০০ টা পর্যন্ত খোলার সময়: ১:১৫ টা পর্যন্ত (অফিস চলাকালীন)

ইজারার ক্ষেত্রে সাধারণ শর্তাবলী:

- ফাউন্ডেশন নির্ধারিত নৌকার ধরণ অনুযায়ী প্রত্যেক প্রকারের ২ (দুই) টি করে মোট ১২টি দেশী কাঠের নৌকা ইজারা দাতাকে নিজ খরচে প্রস্তুত/ক্রয় পূর্বক ফাউন্ডেশনের লেকে পরিচালনা করতে হবে।
- ইজারার দরপ্রস্তাবের সাথে ইজারা মূল্যের উদ্ধৃত পরিমাণ অর্থসহ ৫% উৎস কর, ১৫% হারে মূল্য সংযোজন করের পরিমাণ অর্থাৎ সর্বমোট ১০০ ভাগ অর্থ যে কোন তফসিল ব্যাংক থেকে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জের অনুকূলে দাখিল করতে হবে। নির্দিষ্ট টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত না করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- দরপ্রস্তাব দাখিলের আগে সরজমিনে পরিদর্শন করে দরপ্রস্তাব দাখিল করতে পারবেন।
- সর্বোচ্চ দরদাতার দর অনুমোদনের পর ৭ (সাত) কর্মদিবসের মধ্যে ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে।
- দর প্রস্তাবের সাথে ব্যক্তির ক্ষেত্রে ২ (দুই) কপি সত্যায়িত ছবি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, হালনাগাদ আয়কর সনদ দাখিল করতে হবে।
- যে কোন দরদাতা/ ব্যক্তি দরপত্র নির্দিষ্ট তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে উল্লিখিত ঠিকানায় প্রেরণ করতে পারবেন। দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের পরে দরপ্রস্তাব গ্রহণ করা হবে না।
- যে কোন বা সকল দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই গ্রহণ বা বাতিল করার সকল অধিকার ফাউন্ডেশন কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।
- আলোচ্য ইজারার ক্ষেত্রে ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যের সিডিউল ফাউন্ডেশনের হিসাব শাখাসহ উল্লিখিত স্থানগুলো থেকে সংগ্রহ করা যাবে।

পরিচালক

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন

ফোন: ০৯৬০৪০০০৭৭৭

ই-মেইল director.s.museum@gmail.com